



প্রেস বিজ্ঞপ্তি

১০ ডিসেম্বর, ২০১৬

এসো সবাই ঐক্য গড়ি, সবার অধিকার রক্ষা করি

বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে সারাদেশে আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালন করেছে ব্লাস্ট

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) আজ ১০ ডিসেম্বর ২০১৬ ইং আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন করেছে। দিবসটি উদযাপন উপলক্ষে ঢাকা শহরে মহাখালী, মোহাম্মাদপুর ও মিরপুর এলাকার সাততলা, কড়াইল, বুদ্ধিজীবী শহীদ মিনার, বেগুনবাড়ি, বাগনিয়াবাঁধ, ভাষানটেকসহ ব্লাস্টের বিভিন্ন কর্মসূচী এলাকা সংলগ্ন বস্তি এলাকায় র্যালি, সার্ভিস ক্যাম্প ও ফরিদপুর সহ বিভিন্ন ইউনিট অফিসে লিগ্যাল এইড ক্যাম্পের আয়োজন করেছে। এর মাধ্যমে সরাসরি আইন পরামর্শ প্রদান, অভিযোগ গ্রহণ ও সচেতনতা মূলক কার্যক্রমের আয়োজন করা হয়েছে।

এছাড়াও ব্লাস্ট বরিশাল, বগুড়া, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, দিনাজপুর, যশোর, খুলনা, ময়মনসিংহ, নোয়াখালী, পাবনা, পটুয়াখালী, রাজশাহী, রাঙ্গামাটি, রংপুর, সিলেট ও টাঙ্গাইল জেলায় মানববন্ধন কর্মসূচি পালন করেছে। উল্লেখ্য যে, ব্লাস্ট সকাল ৯:০০ টায় জাতীয় মানবাধিকার কমিশনের আয়োজিত ঢাকা বিশ্ববিদ্যালয় এর টিএসসি থেকে শুরু হয়ে প্রেস ক্লাব পর্যন্ত র্যালী ও সেমিনারে অংশগ্রহণ করেছে এবং সকাল ১০:৩০ টায় গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর সাথে যৌথ ভাবে জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচিতে অংশগ্রহণ করেছে। পাশাপাশি ব্লাস্ট জাতিসংঘ ঘোষিত ২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের পক্ষ পালন করেছে।

বাংলাদেশ সংবিধানের ৩১, ৩২ ও ৪১ অনুচ্ছেদ অনুযায়ী, প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয়লাভের; আইনানুযায়ী ব্যতীত ব্যক্তি-জীবন ও ব্যক্তি-স্বাধীনতার এবং বিশেষ করে সংবিধানের ২৮(১) অনুচ্ছেদ অনুসারে, ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী পুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না - এ সংক্রান্ত নাগরিকের যে অধিকার রয়েছে তা প্রতিষ্ঠা করার জন্য ব্লাস্ট জোর দাবী করছে। বিশেষ করে আদিবাসী জনগণ ও বিভিন্ন সংখ্যালঘু সম্প্রদায়ের উপর হামলার ঘটনায় সরকারের সুষ্ঠু পদক্ষেপ গ্রহণ ও জনমত গঠনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানাচ্ছে। পাশাপাশি প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ক্ষেত্রের শ্রমিকের নায্য মজুরী, পাওনা সহ অধিকার প্রতিষ্ঠা এবং ট্যাক্সপাকো ও আশুলিয়ার কালার ম্যাক্স কারখানার অগ্নিকাণ্ডসহ অন্যান্য কর্মক্ষেত্র নিহত ও আহত শ্রমিকের ন্যূনতম ক্ষতিপূরণের মানদণ্ড নির্ণয়ের দাবী জানাচ্ছে। সম্প্রতি রাজধানীর কড়াইল বস্তির অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ এবং যারা খোলা আকাশের নীচে দিন কাটাচ্ছেন তাদের পুনর্বাসনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানাচ্ছে।

প্রেক্ষাপট: বিশ্বের অন্যান্য দেশের মতো আমাদের দেশেও ১০ ডিসেম্বর ২০১৬ তারিখ আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপন করা হচ্ছে। জাতিসংঘের নির্দেশনায় বিশ্বের সকল দেশে প্রতি বছর ১০ ডিসেম্বর পালিত হয়। জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক ১০ ডিসেম্বর, ১৯৪৮ সাল থেকে দিবসটি উদযাপন করা হয়। সার্বজনীন মানব অধিকার সংক্রান্ত ঘোষণাকে বাস্তবায়নের লক্ষ্যে এ তারিখকে নির্ধারণ করা হয়।

১৯৪৮ সাল থেকে প্রতি বৎসরের ১০ই ডিসেম্বর দিবসটি যথাযোগ্য মর্যাদা ও গুরুত্বের সাথে বিশ্বব্যাপী পালিত হয়। দিবসটি জাতিসংঘ কর্তৃক স্বীকৃত এবং বিশ্বের সর্বত্র পালিত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘ এ দিনটির ঘোষণা দেয়। এ দিবসটির মাধ্যমে বিশ্বের প্রতিটি দেশের মধ্যে শান্তিপূর্ণ সম্পর্ক স্থাপনে কাজ করার আহ্বান জানানো হয়। সব ধরনের বৈষম্য বিলোপ এবং সার্বজনীন মানবাধিকারই এ দিনটির মূল প্রতিপাদ্য। মানবাধিকার প্রত্যেক মানুষেরই জন্মগতভাবে পাওয়া এবং সংবিধান দ্বারা স্বীকৃত। ২০১৬ সালে দিবসটির প্রতিপাদ্য বিষয় হলো “এসো সবাই ঐক্য গড়ি, সবার অধিকার রক্ষা করি(Stand up for someone's rights today)।



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd